



কক্সবাজারে সিএসই সম্মেলন সমাপ্ত

admin 2 days ago দেশজুড়ে

তথ্যপ্রযুক্তিতে দক্ষ শিক্ষার্থী তৈরির লক্ষ্যে দেশব্যাপী শুরু হওয়া সিএসই সম্মেলনের পঞ্চম আসর শেষ হয়েছে। দুই দিনব্যাপী এবারের সম্মেলন ও কর্মশালা অনুষ্ঠিত হয় কক্সবাজার ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এবং সরকারি পলিটেকনিক ইনস্টিটিউটে।

বুধ ও বৃহস্পতিবার ইউনিভার্সিটি এবং ইনস্টিটিউট মিলনায়তনে অনুষ্ঠিত সম্মেলনে তিন শতাধিক শিক্ষার্থী অংশ নেয়। এতে দেশি-বিদেশি প্রযুক্তিবিদদের মাঝে সিএসই কনফারেন্সের আয়োজক হোস্টিং কোম্পানি, সফটওয়্যার নির্মাতা প্রতিষ্ঠান আলফা নেটের সিইও একরামুল হায়দার, বাংলা কবিতা ডটনেটের প্রতিষ্ঠাতা আশফাকুল রহমান, মো. আব্দুর রহিম, মো. এশাম হায়দার ছাড়াও সিএসই কনফারেন্সের উদ্যোক্তা আমেরিকা সিনারিজ ওয়েব সার্ভিসের সফটওয়্যার ইঞ্জিনিয়ার মো. ইসরাফিল, সিএসই কনফারেন্সের চট্টগ্রাম বিভাগের ইনচার্জ মো. রায়হানুল আলম উপস্থিত ছিলেন। এ সময় তারা আইটি ক্যারিয়ার, গ্রাফিক্স ডিজাইন, ওয়েবসাইট ডিজাইন, ডাটাবেজ, সফটওয়্যার, মোবাইল অ্যাপস ডেভেলপমেন্ট, নেটওয়ার্কিং অ্যান্ড সিকিউরিটি, রোবটিক্স, আউটসোর্সিং ইত্যাদি বিষয়ে উন্নত ক্যারিয়ার গঠনের ধারণা দেন।

সায়ীদ আলমগীর/বিএ

Share this:



Like this:



Be the first to like this.

Related

১ ফেব্রুয়ারি চট্টগ্রামে শুরু হচ্ছে পুঁজিবাজার ও বিনিয়োগ মেলা
January 29, 2018

ইউডার ইটিই বিভাগের পুনর্মিলনী অনুষ্ঠিত
November 5, 2017
In "আমার ক্যাম্পাস"

ইউল্যাভে 'অদৃশ্য প্রযুক্তি' নিয়ে সেমিনার অনুষ্ঠিত
March 6, 2018
In "ক্যাম্পাস"

